

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১০৫

তারিখ: ২৭ চৈত্র ১৪২৭

১০ এপ্রিল ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ১০/০৪/২০২১ রাত ৯.০০ থেকে ১১ এপ্রিল ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯:০০ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রংপুর, দিনাজপুর, রাজশাহী, বগুড়া, পাবনা, ঢাকা, ফরিদপুর, টাংগাইল, ময়মনসিংহ, কুমিল্লা, এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ২ নম্বর নৌ হাওয়া সংকেত (পুনঃ) ২ নম্বর নৌ হাওয়া সংকেত দেখাতে বলা হয়েছে।

১০ এপ্রিল ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ রাজামাটি ও কুমিল্লা অঞ্চলসহ রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ, খুলনা ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.০	৩১.১	৩৪.৫	৩৩.৭	৩৪.৬	৩১.৭	৩৪.৪	৩৩.৭
সর্বনিম্ন তাপমাত্রা	১৯.৫	১৯.১	২২.০	১৯.৭	১৯.৪	২০.০	২৪.০	২৪.৫

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৪.৬° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা নেত্রকোনা ১৯.১° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৮ এপ্রিল, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৯ এপ্রিল, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৫টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৫	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	২	০	০
৫।	রাজশাহী	৫	০	০
৬।	রংপুর	৩	০	০
৭।	চট্টগ্রাম	৫	০	০
৮।	খুলনা	৩	০	০
	মোট	২৫	০	০

### দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন কর্মসূচির আওতায় বরাদ্দের বিবরণঃ

#### মানবিক সহায়তাঃ

১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ০৬/০৪/২০২১খ্রিঃ তারিখে ২০২০-২০২১ অর্থ বছরে আসন্ন রমজান উপলক্ষে দেশের দরিদ্র ও দুঃস্থ পরিবারের সাহায্যার্থে দেশের চাঁদপুর জেলার বাদ পড়া ১টি ইউনিয়নের অনুকূলে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মানবিক সহায়তা প্রদান করা হয়েছে।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ত্রাণ কর্মসূচি-১ শাখা এর পত্র নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০-৯২; তারিখঃ ০৬/০৪/২০২১ খ্রিঃ।

২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ০৬/০৪/২০২১খ্রিঃ তারিখে কক্সবাজার জেলার উখিয়া উপজেলায় ২২-০৩-২০২১ খ্রিঃ তারিখের অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ১২৬ টি পরিবার সাহায্যার্থে পরিবার প্রতি ৩ (তিন) বাস্তিল এবং বাস্তিল প্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রমিক নং	জেলার নাম	চেউটিন বরাদ্দের পরিমাণ (বাস্তিল)	গৃহমঞ্জুরি বরাদ্দের পরিমাণ (টাকা)
১	কক্সবাজার	৩৭৮ (তিনশত আটাত্তর)	১১,৩৪,০০০/- (এগার লক্ষ চৌত্রিশ হাজার)

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ত্রাণ কর্মসূচি-১ শাখা এর পত্র নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০-৯৩; তারিখঃ ০৬/০৪/২০২১ খ্রিঃ।

৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ০৬/০৪/২০২১খ্রিঃ তারিখে নারায়নগঞ্জ জেলার শীতলক্ষ্যা নদীতে লঞ্চ ডুবির ঘটনায় ত্রাণ কার্য (নগদ) অর্থের বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রমিক নং	জেলার নাম	ত্রাণ কার্য (নগদ) বরাদ্দের পরিমাণ (টাকা)
১	নারায়নগঞ্জ	৭,০০,০০০/- (সাত লক্ষ)

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ত্রাণ কর্মসূচি-১ শাখা এর পত্র নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০-৯৬; তারিখঃ ০৬/০৪/২০২১ খ্রিঃ।



১০-৪-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১০৫/১(১৭০)

তারিখ: ২৭ চৈত্র ১৪২৭  
১০ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



১০-৪-২০২১

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা